



# বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪ অর্থ বছর

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ  
[www.mymensingh.gov.bd](http://www.mymensingh.gov.bd)

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ  
এর ২০২৪ সনের বার্ষিক প্রতিবেদন

সময়কাল: ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪

জেলা প্রশাসন, ময়মনসিংহ।

## সূচিপত্র

ক্রম	বিবরণ	পৃষ্ঠা নম্বর
১	ময়মনসিংহ জেলা ও জেলা প্রশাসন সংক্রান্ত তথ্য	
১.১	ময়মনসিংহ জেলা স্থাপন সংক্রান্ত তথ্য	০১-০৩
১.২	জেলা প্রশাসনের যাত্রা সংক্রান্ত তথ্য	০৩-০৮
১.৩	জেলা প্রশাসকের সাধারণ কার্যাবলী	০৮-১৭
১.৪	ময়মনসিংহ জেলার কিছু দর্শনীয় স্থান	১৮-২২
১.৫	জেলা প্রশাসকের কার্যালয়ের জনবল সংক্রান্ত তথ্য	২৩-২৫
২	সংস্থাপন শাখার কার্যক্রম	২৫- ২৮
৩	সাধারণ শাখার কার্যক্রম	২৯-৩০
৪	এস এ শাখার কার্যক্রম	৩০-৩৩
৫	স্থানীয় সরকার শাখার কার্যক্রম	৩৪-৩৯
৬	ট্রেজারি শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা, অপিত সম্পত্তি শাখার কার্যক্রম	৩৯
৭	ভূমি অধিগ্রহণ শাখার কার্যক্রম	৮০-৮১
৮	সেটেলমেন্ট রেকর্ড বুম, ফৌজদারী নকলখানার কার্যক্রম	৮১
৯	লাইসেন্স প্রমোদ, লাইব্রেরী, তথ্য অভিযোগ শাখার কার্যক্রম	৮২
১০	আর এম শাখার কার্যক্রম	৮৩-৮৪
১১	বিচার শাখার কার্যক্রম	৮৪-৮০
১২	শিক্ষা শাখার কার্যক্রম	৮১-৮২
১৩	আইসিটি শাখার কার্যক্রম	৫৩
১৪	ত্রাণ শাখার কার্যক্রম	৫৪-৫৭
১৫	স্ট্যাম্প অবমূল্যায়ন, রাজস্ব মহাফেজখার কার্যক্রম	৫৮
১৬	প্রবাসী কল্যাণ শাখার কার্যক্রম	৫৯-৬০
১৭	মানবসম্পদ ব্যবস্থাপনা শাখার কার্যক্রম	৬১-৬২



## জেলা স্থাপন সংক্রান্ত

### নামকরণ

মোগল আমলে মোমেনশাহ নামে একজন সাধক ছিলেন, তাঁর নামেই মধ্যযুগে অঞ্চলটির নাম হয় মোমেনশাহী। ঘোড়শ শতাব্দীতে বাংলার স্বাধীন সুলতান সৈয়দ আলাউদ্দিন হোসেন শাহ তাঁর পুত্র সৈয়দ নাসির উদ্দিন নসরত শাহ'র জন্য এ অঞ্চলে একটি নতুন রাজ্য গঠন করেছিলেন, সেই থেকেই নসরতশাহী বা নাসিরাবাদ নামের সৃষ্টি। নাসিরাবাদ নাম পরিবর্তন হয়ে ময়মনসিংহ হয় একটি ভূলের কারণে। বিশ টিন কেরোসিন বুক করা হয়েছিল বর্জনলাল এন্ড কোম্পানীর পক্ষ থেকে নাসিরাবাদ রেল স্টেশনে। এই মাল চলে যায় রাজপুতনার নাসিরাবাদ রেল স্টেশনে। এ নিয়ে অনেক দুর্ভোগ পোহাতে হয়। পরবর্তীতে আরো কিছু বিভ্রান্তি ঘটায় রেলওয়ে স্টেশনের নাম পরিবর্তন করে ময়মনসিংহ রাখা হয়। সেই থেকে নাসিরাবাদের পরিবর্তে ময়মনসিংহ ব্যবহৃত হয়ে আসছে।

### জেলা ঘোষণার তারিখ

১৭৮৭ খ্রিস্টাব্দের ১লা মে ময়মনসিংহ জেলা সৃষ্টি হয়। এই জেলার আকার সময় সময় পরিবর্তিত হয়েছে। ১৯৬৯ খ্রিস্টাব্দে ময়মনসিংহ জেলা থেকে টাঙ্গাইল মহকুমাকে এবং ১৯৭৮ খ্রিস্টাব্দে জামালপুর মহকুমাকে পৃথক করে জেলায় উন্নীত করা হয়। ১৯৮৪ খ্রিস্টাব্দে

ময়মনসিংহ জেলা থেকে শেরপুর, নেত্রকোনা ও কিশোরগঞ্জ মহকুমাকে পৃথক পৃথক জেলায় উন্নীত করা হয়।

### অবস্থান

২৪°০২'৩১" থেকে ২৫°২৫'৫৬" উত্তর অক্ষাংশ এবং ৮৯°৩৯'০০" থেকে ৯১°১৫'৩৫" পূর্ব দ্রাঘিমাংশ- এ।

উত্তরে গারোপাহাড় ও ভারতের মেঘালয় রাজ্য, দক্ষিণে গাজীপুর জেলা, পূর্বে নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলা এবং পশ্চিমে শেরপুর, জামালপুর ও টাঙ্গাইল জেলা অবস্থিত।

### আয়তন ও গঠন

আয়তন ৪৩৬৩.৪৮ বর্গ কিলোমিটার। এটি ১৩টি উপজেলা, ১ টি সিটি করপোরেশন, ১৪টি থানা, ১০ টি পৌরসভা ( ০৮টি ক শ্রেণীর, ০১টি খ শ্রেণীর, ০১টি গ শ্রেণীর), ১৪৫টি ইউনিয়ন, ২২০১টি মৌজা, ২৭০৯টি গ্রাম নিয়ে গঠিত।

উপজেলাসমূহ: সৈশ্বরগঞ্জ, গফরগাঁও, গৌরীপুর, ত্রিশাল, ধোবাড়া, নান্দাইল, ফুলপুর, তারাকান্দা, ফুলবাড়িয়া, ভালুকা, ময়মনসিংহ সদর, মুক্তাগাছা, হালুয়াঘাট।

### জনসংখ্যা

জনশূমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী

- ময়মনসিংহ সিটি কর্পোরেশন জনসংখ্যা ৫,৭৬,৭২২
- জনসংখ্যা- লিঙ্গভিত্তিক

মোট জনসংখ্যা ৫৮,৯৯,০৫২

পুরুষ ২৮,৯৭,৮৮০

নারী ২৯,৯৭,৯৩১

হিজড়া ৪৭১

লিঙ্গানুপাত ৯৬.৬৬%

- জনসংখ্যা- পঞ্জী ও শহরভিত্তিক

পঞ্জী-৪৫,৪৫,৬৪২

শহর- ১৩,৫০,৬৪০

- জনসংখ্যা- ধর্মভিত্তিক

মুসলমান- ৯৬.০১%

হিন্দু- ৩.৪২%

বৌদ্ধ- ০.০১%

খ্রিস্টান- ০.৫০%

অন্যান্য- ০.০৬%

## ৫. সাক্ষরতা

সাক্ষরতার হার- ৭০.৭৮%

পুরুষ- ৭২.১৪%

নারী- ৬৯.৮১%

হিজড়া- ৪৯.১২%

## ৬. জনসংখ্যার ঘনত্ব- প্রতি বর্গকিলোমিটারে ১,৩৪২ জন

৭. ক্ষুদ্র নৃগোষ্ঠী- ২৭,৬৫২

## প্রাকৃতিক সম্পদ

নদ-নদীর সংখ্যা ২২টি, আয়তন ১১৪৪৫.২০ হেক্টর। নদীর নাম- ব্রহ্মপুত্র, সুতিয়া, ক্ষিবু, সাচালিয়া, পাগারিয়া, নাগেশ্বর, কাচামাটিয়া, আয়মন, বানার, নরসুন্দা, বোরাঘাট, দর্শনা, রামখালী, বৈলারি, নিতাই, কংশ, ঘুঁঁটিয়া, সাতারখালী, আকালিয়া, জলবুরুঙ্গা, চৌকা মরানদী, রাঃসা নদী ইত্যাদি। বিল ও প্রধান প্লাবনভূমির সংখ্যা ১১৪০টি, আয়তন ৩০৭৬২.০০ হেক্টর। বনভূমি ৩৮৮৬০.৭৩ একর। বালু মহল ১৫টি, আয়তন ৮৭৪.৫০ একর। সাদামাটিমহল ১টি, আয়তন ২৪.৩৩ একর ইত্যাদি।

## শিক্ষার হার ও শিক্ষা প্রতিষ্ঠান

জেলার শিক্ষার হার ৬৮% (পুরুষ ৮১.০৯%, মহিলা ৫৪%)। প্রাথমিক বিদ্যালয় মোট ২৬৮৯টি (তন্মধ্যে সরকারী ১২৪৯টি, বেসরকারী রেজিষ্টার্ড ৬২১টি, আন রেজিষ্টার্ড ২৭টি, উচ্চ বিদ্যালয় সংলগ্ন ৫৬টি, কিন্ডার গার্ডেন ১২৬টি, পরীক্ষণ ১টি, স্বতন্ত্র এবত্তেদায়ী মাদ্রাসা ২৩৪টি, উচ্চ মাদ্রাসা সংলগ্ন ২৪৩টি, কমিউনিটি ১১৪টি, এনজিও ১৮টি)। নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ১০৫টি, ৯ম শ্রেণীর অনুমতি প্রাপ্ত বিদ্যালয় ৭২টি, মাধ্যমিক বিদ্যালয় ৪০৪টি, স্কুল এন্ড কলেজ ১৩টি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ৩১টি, ডিগ্রীকলেজ ২৭টি (সরকারী ৩টি, বেসরকারী ২৪টি), বিশ্ববিদ্যালয় কলেজ ২টি (সরকারী), বিশ্ববিদ্যালয় ২টি (সরকারী), মেডিক্যাল কলেজ ২টি (সরকারী ১টি, বেসরকারী ১টি), ক্যাডেট কলেজ ১টি, চারুকলা ইনসিটিউট ১টি, হোমিওপ্যাথিক কলেজ ১টি, ইঞ্জিনিয়ারিং কলেজ ১টি, কারিগরি শারীরিক মহাবিদ্যালয় ১টি, ভোকেশনাল ইনসিটিউট ২টি, শিক্ষা মহাবিদ্যালয় ১টি, কামিল মাদ্রাসা ৪টি, ফাযিল মাদ্রাসা ৪৭টি, আলিম মাদ্রাসা ৪২টি, দাখিল মাদ্রাসা ২৯৫টি, আর্ট স্কুল ১টি।

## শিল্প ও কল কারখানা

বৃহৎ শিল্প ৩টি। উল্লেখযোগ্য মাঝারী ও ক্ষুদ্র শিল্প ও কল-কারখানা প্রায় ১৪১টি, তন্মধ্যে ৯০টি বিসিক শিল্প নগরী ময়মনসিংহে এবং বাকী প্রায় ৫০টি ভালুকায় অবস্থিত।

## কৃষি

মোট জমি ৪,৩৬,৩৪৮ হেক্টর, নীট ফসলী জমি ৩,৭২,৭০৭ হেক্টর। এক ফসলী জমি ৪০,১৭২ হেক্টর, দুই ফসলী জমি ২৪৮৩৩৩৫ হেক্টর, তিন ফসলী জমি ৮৩,৩৫০ হেক্টর, চার ফসলী জমি ৮৫০ হেক্টর। মোট ফসলী জমি ৭,৯০,২৯২ হেক্টর, ফসলের নিবিড়তা ২১২.০০%। কৃষি ক্লকের সংখ্যা ৫২৫টি। কৃষি বিষয়ক পরামর্শ কেন্দ্র ২৯০টি, সয়েল মিনিল্যাব ৯৭টি, বিএডিসি বীজ ডিলার ৩১৬ জন, বিসিআইসি সার ডিলার ১৪০ জন, কোন্স ষ্টোর ১টি।

## সেচস্বিধা

সেচাধীন জমি ২৫০৩৭০ হেক্টর। গভীর নলকুপ মোট ৩৪৫৪টি (বিদ্যুৎচালিত ২৬৬৬টি, ডিজেল চালিত ৭৮৮টি), অগভীর নলকুপ মোট ৪৯৬২৭টি (বিদ্যুৎ চালিত ৮৩৩০টি, ডিজেল চালিত ৪১১৯৭টি), পাওয়ার পাম্প মোট ৪৪৭৮টি (বিদ্যুৎ চালিত ২০৯টি, ডিজেল চালিত ৪২৬৯টি)।

## খাদ্যশস্য পরিস্থিতি

খাদ্যশস্যের বাণিজিক চাহিদা ৮,২৬,৭২৫ মেট্রিক টন, উৎপাদন ১৭,৯২,২৫৮ মেট্রিক টন, উদ্ভৃত ৭,৮৬,৩০৮ মেট্রিক টন। প্রধানতঃ ধান, পাট, গম, আলু, মসুর, ভুট্টা, সরিষা, চীনাবাদাম, পান, কলা, আনারস, কাঁঠাল ও শীতকালীন শাকসবজি উৎপন্ন হয়।

## মৎস্যসম্পদ

নদী ২২টি, আয়তন ১১৪৪৫.২০ হেক্টর; বিল ও প্রধান প্লাবন ভূমি ১১৪০টি, আয়তন ৩০৭৬২.০০ হেক্টর; পুরুর ১৪০৩৩৪টি, আয়তন ২৬০৩৮.৬৫ হেক্টর (সরকারী পুরুর ৩৬৬টি, আয়তন ১৩০.২০ হেক্টর; বেসরকারী পুরুর ১৩৯৯৬৮টি, আয়তন ২৫৯০৮.০৫ হেক্টর)। নিবিড় পদ্ধতিতে মাছ চাষের আওতায় খামার (বেসরকারী বানিজ্যিক খামার) ৩২৫টি, আয়তন ৪৪৩০.৫৫ হেক্টর ও উৎপাদন ৭৯৬৭৪.৮৬ মেট্রিক টন। সনাতন/উন্নত সনাতন পদ্ধতিতে মাছ চাষের আওতায় পুরুর ১৩৬২৪টি, আয়তন ২১৬০৮.১০ হেক্টর ও উৎপাদন ৬৮৫১৭.৫৭ মেট্রিক টন। বেসরকারী মৎস্য হ্যাচারী ৭৭টি, বেসরকারী মৎস্য নার্সারী ২১১০টি, মৎস্য খাদ্যের দোকান/কারখানা ১১০টি, মৎস্য আড়তের সংখ্যা ৮২টি, বরফ কলের সংখ্যা ৫৩টি। জেলায় বার্ষিক মাছ উৎপাদন ১৬০৪০৮.০০০ মেট্রিক টন, বার্ষিক মাছের চাহিদা ৬৮০৩১.০০০

মেট্রিক টন, বার্ষিক মাছ উদ্বৃত্ত ৯২৩৭৩.০০০ মেট্রিক টন। মৎস্য কার্যক্রম সংশ্লিষ্ট এনজিও ৬টি (নামঃ সোসাইটি ফর সোসাল সার্ভিস, পদক্ষেপ, কারিতাস, ভিশন, সোসিও ইকোনমিক ডেভেলপমেন্ট এসোসিয়েশন।

### পশুসম্পদ

জেলা পশু হাসপাতাল ১টি, পশু চিকিৎসালয় ১২টি, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ১টি, কৃত্রিম প্রজনন উপকেন্দ্র ১৩টি, কৃত্রিম প্রজনন পয়েন্ট ১৮টি, এফডিআইএল ১টি, হাঁস প্রতিপালন ইউনিট ১টি। গবাদি পশুর খামার ১৮৫৫টি, ছাগলের খামার ১৮০৩টি, ভেড়ার খামার ১৫টি, মুরগী খামার ১৬৯৯টি (লেয়ার ৫৩১টি, ব্রয়লার ১১৬৮ টি), হাঁস খামার ১১৭৭টি, ব্রিডার খামার ৪টি। গরু ১১,৭৭,৬৫১টি, মহিষ ৩১০৭৯টি, ছাগল ৭৩৮৯১০টি, ভেড়া ২০১০০টি, ঘোড়া ১১২১টি, শুকর ১১০৯টি, হাঁস ১১৪১৫৭৪টি, মুরগী ৭৭০৫৯৮০টি। বাংসরিক উৎপাদন- দুধ ১.৭৮০ লক্ষ মেট্রিক টন, ডিম ২৮,৪৫,০৫,০০০টি, মাংস ২.৬৯ লক্ষ মেট্রিক টন। পশু সম্পদ কার্যক্রম সংশ্লিষ্ট এনজিও- ওয়ার্ক ভিশন, সোসিও ইকোনমিক ডেভেলপমেন্ট এসোসিয়েশন।

### স্বাস্থ্যকেন্দ্র

মেডিকেল কলেজ হাসপাতাল ২টি (সরকারী ১টি, বেসরকারী ১টি), সম্বলিত সামরিক হাসপাতাল ১টি (১৪১ শয্যাবিশিষ্ট), বক্ষ ব্যাধি ক্লিনিক ১টি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১১টি (৬টি ৫০ শয্যাবিশিষ্ট, ৫টি ৩১ শয্যাবিশিষ্ট), পরিবার কল্যাণ কেন্দ্র ৮৬টি, স্বাস্থ্য উপকেন্দ্র ৪৩টি, কমিউনিটি ক্লিনিক ৪১২টি (বর্তমানে চালু ৩৫৪টি), বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্র ১টি, হোমিও হাসপাতাল ১টি, বেসরকারী ক্লিনিক ৭২টি, মিশনারি হাসপাতাল ১টি সরকারী অ্যাস্থুলেন্স ১৬টি (চালু ৯টি)। স্বাস্থ্য কার্যক্রম সংশ্লিষ্ট এনজিও ১৬টি।

### যোগাযোগ ব্যবস্থা

পাকা সড়ক প্রায় ৯৬৪ কিলোমিটার, কাঁচা সড়ক ৭৮৫৮ কিলোমিটার, রেলপথ ১৫৯ কিলোমিটার ও নদী পথ ২২৩ কিলোমিটার। ঢাকাসহ পার্শ্ববর্তী জেলা শহর টাঙ্গাইল, নেত্রকোণা কিশোরগঞ্জ, জামালপুর ও গাজীপুরের সাথে পাকা সড়ক ও রেলপথের যোগাযোগ রয়েছে। রাজধানী ঢাকা থেকে ময়মনসিংহ জেলার দূরত্ব সড়ক পথে ১২১ কিমি এবং রেলপথে ১২৩ কিমি। জেলা সদর থেকে পাকা সড়ক পথে উপজেলার এবং ইউনিয়ন পরিষদের প্রায় সারাবছরই মোটরযান চলাচলের উপযোগী পাকা/কাঁচা রাস্তা রয়েছে। তবে জেলায় প্রবাহিত নদীসমূহের তলদেশ ভরাট হয়ে যাওয়ায় নদীগুলো নাব্যতা হারিয়েছে।

### পোষাল সুবিধা

ডাকঘর ২৯৮টি, পোষাল কোড- সৈক্ষণ্যগঞ্জ ২২৮০-২২৮২, গফরগাঁও ২২৩০-২২৩৪, গৌরীপুর ২২৭০-২২৭১, ত্রিশাল ২২২০-২২২৩, নান্দাইল ২২৯০-২২৯১, ফুলপুর ২২৫০-২২৫২, ফুলবাড়ীয়া ২২১৬, ভালুকা ২২৪০, ময়মনসিংহ সদর ২২০০-২২০৫, মুক্তাগাছা ২২১০, হালুয়াঘাট ২২৬০-২২৬২।

ডিজিটাল টেলিফোন এক্সচেঞ্জ ১২টি, টেলিফোন কোড- সৈক্ষণ্যগঞ্জ ০৯০২৭, গফরগাঁও ০৯০২৫, গৌরীপুর ০৯০২৪, ত্রিশাল ০৯০৩২, খোবাট্টা ০৯০৩৪, নান্দাইল ০৯০২৯, ফুলপুর ০৯০৩৩, ফুলবাড়ীয়া ০৯০২৩, ভালুকা ০৯০২২, ময়মনসিংহ সদর ০৯১, মুক্তাগাছা ০৯০২৮, হালুয়াঘাট ০৯০২৬।

### ধর্মীয় প্রতিষ্ঠান

মসজিদ ১০,৪৯০টি, মাজার ২১৭টি, মন্দির ৮১৫টি, গীর্জা ৭৯টি।

### সরকারী/অন্যান্য প্রতিষ্ঠান

উপজেলা ভূমি অফিস ১৩টি, পৌর/ইউনিয়ন ভূমি অফিস ১৪৪টি, ভেটেরিনারী ট্রেনিং ইনসিটিউট ১টি, প্রাইমারী শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট ১টি, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট ১টি, টিচার্স ট্রেনিং কলেজ ২টি, ন্যাশনাল ইনসিটিউট অব প্রাইমারী এডুকেশন ১টি, সিডিউল বাণিজ্যিক ব্যাংক ৮০টি, ডাকবাংলো/রেষ্ট হাউজ ১৯টি, ফায়ার সার্ভিস ষ্টেশন ৫টি, খাদ্য গুদাম ১৮টি, হাট-বাজার ৫৭১টি, যাদুঘর ২টি, সিনেমা হল ৩২টি, পার্ক ৩টি, স্টেডিয়াম ৩টি, খেলার মাঠ ১১৮টি।

### জেলা প্রশাসনের যাত্রা

ইন্সটিউয়া কোম্পানি দিল্লির বাদশাহ দ্বিতীয় শাহ আলমের কাছ থেকে ১৭৬৫ খ্রিস্টাব্দে বাংলা, বিহার, উত্তরাখণ্ড দেওয়ানী লাভ করেন। এই দেওয়ানীকে প্রথম রাজস্ব প্রশাসন হিসেবে অভিহিত করা যায়। সে সময় ময়মনসিংহ জেলা ছিলো অখড়। ১৭৬৯ খ্রিস্টাব্দে মিৎ মিডেলটন স্বাধীনভাবে রাজস্ব প্রশাসন পরিচালনা করতে থাকেন। তিনি সর্বোচ্চ জমিদারি ডাককারীদের অনুকূলে মহালগুলো লিজ দিয়ে ছিলেন। এদিকে লিজ প্রাপ্ত জমিদারগণ আবার সাব লিজ দিতে থাকলেন। স্বাভাবিকভাবেই রাজস্ব প্রশাসনে বিশৃঙ্খলা দেখা দেয়। ১৭৭৬ থেকে ১৭৮১ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রাদেশিক কাউন্সিল কাজ করে।

১৭৮৬ খ্রিস্টাব্দে এইচ, বারোজের অধীনে ময়মনসিংহ জেলার জন্যে আলাদা একটি কালেক্টরেট সৃষ্টি করা হয়। তখন এ জেলার প্রশাসনিক কাজ নিয়ন্ত্রিত হতো ঢাকা থেকে। প্রশাসনিক বিন্যাস ছিলো পাঁচ বছর মেয়াদী। জন শো'র' বোর্ড অব রেভিন্যুর রিপোর্ট অনুযায়ী লর্ড কর্ণওয়ালিশ ১৭৮৭ খ্রিস্টাব্দে ম্যাজিস্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা একত্রীকরণ এবং দেওয়ানী মামলার বিচারের ক্ষমতাও কালেক্টরের উপর ন্যস্ত করেন। মিঃ ডল্লিউ রটন কালেক্টর ও ম্যাজিস্ট্রেট হিসেবে ১৭৮৭ খ্রিস্টাব্দে প্রথম ময়মনসিংহ জেলার দায়িত্ব গ্রহণ করেন।

ইতিহাসের ধারাবাহিকতায় প্রশাসনিক প্রয়োজনে ময়মনসিংহে নিয়োক্ত মহকুমাসমূহ গঠিত হয়ঃ-

- ১৮৪৫ সনে জামালপুর
- ১৮৬৯ সনে টাঙ্গাইল
- ১৮৬০ সনে কিশোরগঞ্জ
- ১৮৮২ সনে নেত্রকোণা

ময়মনসিংহ জেলা আয়তন ও জনসংখ্যার দিক থেকে অনেক বড়। যুক্তিসঙ্গত কারণেই এ জেলাকে বিভাজনের প্রস্তাৱ করা হয় বিভিন্ন মহল থেকে। জেলাসমূহের পূর্ণগঠনের লক্ষ্যে টাঙ্গাইলকে আলাদা করা হয় ১৯৬১ সালে। তারপর জামালপুর মহকুমা থেকে জেলায় উন্নীত হয় ১৯৭৯ খ্রিস্টাব্দে। ১৯৮৪ খ্রিস্টাব্দে সকল মহকুমা জেলায় উন্নীত করার সরকারি সিদ্ধান্ত গৃহীত হওয়ার ফলে বৃহত্তর ময়মনসিংহ জেলার সকল মহকুমাই জেলায় উন্নীত হয়। এভাবে দেশের এককালের বৃহত্তম জেলা ছয় টুকরো হয়ে যায়।

জেলা প্রশাসনের প্রধান হলেন জেলা প্রশাসক। তিনি জেলা ম্যাজিস্ট্রেট এবং কালেক্টরও। তাঁকে সহায়তা করার জন্যে রয়েছেন পাঁচজন অতিরিক্ত জেলা প্রশাসক, একজন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, উপ পরিচালক স্থানীয় সরকার, রেভিন্যু ডেপুটি কালেক্টর, নেজারত ডেপুটি কালেক্টরসহ বেশ ক'জন সহকারী কমিশনার ও বিভিন্ন কর্মকর্তা। তিনি সাধারণ প্রশাসন, রাজস্ব প্রশাসন পরিচালনা করেন। জেলা ম্যাজিস্ট্রেট হিসাবে বিচার ক্ষমতাও তাঁর রয়েছে। জেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও জেলা রিটার্নিং অফিসারের দায়িত্বও তাঁর উপর ন্যস্ত।

জেলা প্রশাসনের অধ্যস্তন প্রশাসন হচ্ছে উপজেলা প্রশাসন। এই প্রশাসনের প্রধান হচ্ছেন উপজেলা নির্বাহী অফিসার। তাঁকে সহায়তা করার জন্যে রয়েছেন সহকারী কমিশনার (ভূমি)সহ অন্য কর্মকর্তাগণ।

#### জেলা প্রশাসনের সাধারণ কার্যবলী:

##### ১. রাজস্ব প্রশাসন ও ব্যবস্থাপনা:

- ১) জেলার রাজস্ব অফিস সমূহের কার্যক্রম নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
- ২) ভূমি উন্নয়ন কর নির্ধারণ, আদায়, মওকুফওগুন নির্ধারণ;
- ৩) ভূমি রেকর্ড রক্ষণাবেক্ষণ এবং হালনাগাদকরণ;
- ৪) কৃষি ও অকৃষি খাস জমি এবং অন্যান্য সরকারি সম্পত্তির বন্দোবস্ত প্রদান;
- ৫) অধিগ্রহণকৃত কিন্তু অব্যবহৃত জমি পুনর্খাসকরণ;
- ৬) সরকারি কর বহির্ভুল রাজস্ব আদায় এবং এসৎক্রান্ত হিসাব বিবরণী সরকারের কাছে প্রেরণ;
- ৭) রাজস্ব মামলায় আপিল শুনানী
- ৮) রাজস্ব সংক্রান্ত অভিযোগ তদন্ত;
- ৯) হাটবাজার ব্যবস্থাপনা ও উন্নয়ন;
- ১০) হাটবাজারের পেরিফেরি নির্ধারণ;
- ১১) নতুন হাটবাজার স্থাপন প্রক্রিয়াকরণ;
- ১২) সায়রাত মহালসহ সরকারের অন্যান্য মহাল ব্যবস্থাপনা;
- ১৩) রেকর্ডরুম ব্যবস্থাপনা;
- ১৪) অন লাইনে আবেদনের মাধ্যমে সরকারি দলিলপত্রাদির নকল সরবরাহ;
- ১৫) অর্পিত, খাস, পরিত্যক্ত সম্পত্তি এবং বিনিয়ম সম্পত্তি ব্যবস্থাপনা ও নিষ্পত্তি করণ।
- ১৬) সরকারি স্বার্থ সংশ্লিষ্ট দেওয়ানি মামলা পরিচালনা তত্ত্বাবধান;
- ১৭) আন্তঃজেলা সীমান্ত বিরোধ মীমাংসা;
- ১৮) সিকন্দ্রি জমির ক্ষেত্রে এডিলাইন হালনাগাদ করণ এবং পয়স্তি ভূমির ক্ষেত্রে চর্চাম্যাপ প্রস্তুত;
- ১৯) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সাধারণ ভূমি জরিপ কর্মসূচিকে সহায়তা প্রদান;
- ২০) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল ভূমি জরিপ কর্মসূচিকে সহায়তা প্রদান;
- ২১) ইউনিয়ন ভূমি অফিস সূজন;
- ২২) জেলা ভূমি অফিস সমূহের রক্ষণাবেক্ষণ এবং সংস্কার;
- ২৩) রাজস্ব বিষয়ক রিপোর্ট ও রিটার্ন সরকার বরাবর প্রেরণ;
- ২৪) সরকারি স্বার্থ সংশ্লিষ্ট ভূমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদ ও খাস জমি পুনরুদ্ধার;
- ২৫) বন আইন অনুযায়ী বন ভূমি ব্যবস্থাপনা;

- ২৬) জেলার রাজস্ব সম্মেলন আয়োজন;
- ২৭) কৃষি ও অকৃষি খাস জমি ব্যবস্থাপনা নীতিমালা বাস্তবায়ন;
- ২৮) দরিদ্র এবং ভূমিহীনদের জন্য সরকারের পুনবাসন কর্মসূচি যেমন আশ্রয়ণ, আবাসন, আদর্শগ্রাম, গুচ্ছগ্রাম এবং জলবায়ু দুর্গত মানুষের পুনবাসন প্রকল্পের বাস্তবায়ন ও তদারকি;
- ২৯) সরকারের ভূমি সংস্কার নীতিমালা বাস্তবায়ন;
- ৩০) বিজ্ঞ আদালতের নির্দেশ মোতাবেক প্রসেস জারি এবং জরিমানা আদায়;
- ৩১) বিজ্ঞ আদালতের রায়/ডিক্রী/আদেশ বিষয়ে কার্যক্রম গ্রহণ;
- ৩২) অকৃষি কার্যক্রমের সম্প্রসারণ থেকে মূল্যবান কৃষি জমি রক্ষায় বৈশিষ্ট্যভিত্তিক ভূমি বিভক্তি পদ্ধতি প্রবর্তনের উদ্যোগ গ্রহণ;
- ৩৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় মালিকাধীন সম্পত্তির বিক্রি/হস্তান্তরের ক্ষেত্রে অনাপত্তি সনদ প্রদান;
- ৩৪) জেলার রাজস্ব আদালত ও অফিস পরিদর্শন;
- ৩৫) জেনারেল সাটিফিকেট অফিসারের কোট পরিদর্শন;
- ৩৬) ভূমি রেজিস্ট্রেশন ম্যানয়েল এবং প্রাসঙ্গিক বিধিবিধান অনুসরণে অবমূল্যায়িত (ইম্পাউন্ড) মামলার নিষ্পত্তি;
৩৭. পৌরসভা এলাকার বাইরে সায়রাত মহাল /হাটবাজারের টোল নির্ধারণ;
- ৩৮) ল্যান্ড ইউজ প্ল্যান প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা প্রদান;
- ৩৯) প্রাকৃতিক সম্পদের ব্যবস্থাপনা;
- ৪০) কোট অব ওয়াডস সম্পর্কিত কার্যাবলি ; এবং
- ৪১) রাজস্ব প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীদের সংস্থাপন বিষয়াদি

### জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি :

- ১) ১৮৬০ সালের দন্তবিধি ও ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব ও কর্তব্য পালন;
- ২) ১৮৬১ সালের পুলিশ আইন ও ১৯৪৩ সালের পুলিশ রেগুলেশনস্ অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব ও কর্তব্য পালন;
- ৩) জেল কোড অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব ও কর্তব্য পালন;
- ৪) মোবাইল কোট আইন, ২০০৯ অনুযায়ী মোবাইল কোট পরিচালনা;
- ৫) বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ অনুযায়ী সান্ধ্য আইন জারির ক্ষমতা;
- ৬) সকল মাইনর এ্যাস্ট অনুযায়ী ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব ও কর্তব্য পালন;
- ৭) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত প্রতিবেদন সরকারের কাছে প্রেরণ;
- ৮) নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত প্রতিবেদন সরকারের কার্যাবলি তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
- ৯) রাজনৈতিক ও হয়রানিমূলক মামলা প্রত্যাহার সংক্রান্ত কার্যক্রম;
- ১০) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেসি ও নির্বাহী ম্যাজিস্ট্রেসি দের আদালত পরিদর্শন/ দর্শন;
- ১১) জেলখানা পরিদর্শন/ দর্শন;
- ১২) থানা পরিদর্শন/ দর্শন;
- ১৩) জিপি, স্পেশাল জিপি, ভিপি-জিপি, এজিপি, পিপি, স্পেশাল পিপি, এপিপি নিয়োগের জন্য সুপারিশ প্রেরণ; এবং
- ১৪) জিপি, স্পেশাল জিপি, ভিপি-জিপি, এজিপি, পিপি, স্পেশাল পিপি, এপিপি সম্পর্কিত প্রশাসনিক ও সংস্থাপন বিষয়াদি।

### ৩. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা :

- ১) দাঙা, হরতাল, রাজনৈতিক উত্তেজনা, শ্রমিক অসন্তোষ ইত্যাদি জরুরি পরিস্থিতির সময় জনশৃঙ্খলা বিধান;
- ২) বিবাদান্বান পক্ষের মধ্যে শাস্তি শৃঙ্খলা রক্ষার জন্য ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারা মতে ব্যবস্থা গ্রহণ;
- ৩) গুন্ডা, টাউট, সন্ত্রাস দমন এবং চোরাকারবার, মাদকব্যবসা ইত্যাদি নিয়ন্ত্রণ;
- ৪) ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন মোতাবেক আটকাদেশ প্রদান;
- ৫) সরকারি সম্পত্তির (জমাজিমি, দালান কোঠা ইত্যাদি) দখল পুনরুক্তার সংক্রান্ত কার্যক্রম;
- ৬) এসিডের অপব্যবহার রোধ;
- ৭) মাদকদ্রব্যের অপব্যবহার নিয়ন্ত্রণ;
- ৮) নারী ও শিশু নির্ধারণ রোধ;
- ৯) বাল্য বিবাহ রোধ;
- ১০) ঘোতুক নিরোধ;
- ১১) জঙ্গীবাদ দমন;
- ১২) নারী ও শিশু পাচার রোধ;
- ১৩) চোরাচালান প্রতিরোধ;
- ১৪) হন্তি ব্যবসা নিয়ন্ত্রণ;
- ১৫) জালনোট প্রচলন রোধ; এবং

১৬) ঘোন হয়রানী (ইভ-টিজিৎ) প্রতিরোধ।

#### ৮. আইন-শৃঙ্খলা :

- ১) ১৮৬১ সালের পুলিশ আইন এবং ১৯৪৩ সালের পুলিশ রেগুলেশনস্ অনুযায়ী অপরাধ দমন কার্যক্রমে পুলিশ বিভাগের উপর সাধারণ নিয়ন্ত্রণ;
  - ২) জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভাপতির দায়িত্ব পালন;
  - ৩) অপরাধ প্রবণতা ছাসে কায়কর উদ্যোগ গ্রহণ;
  - ৪) গুরুতর অপরাধ দমনে কায়কর উদ্যোগ গ্রহণ;
  - ৫) জেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বষ্টি আনয়ন;
- 
- ৬) বিশেষ আইন-শৃঙ্খলা পরিস্থিতির উভবের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমকর্তা এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে সম্প্রসারিত আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান এবং কায়কর ব্যবস্থা গ্রহণ;
  - ৭) আইন-শৃঙ্খলা রক্ষার্থে নতুন থানা, তদন্ত কেন্দ্র, পুলিশ ফাঁড়ি স্থাপনের প্রস্তাব প্রেরণ; এবং
  - ৮) আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিশেষ পরিস্থিতি, প্রাণহানি, দুঃঘটনা, দুর্ঘটনা ইত্যাদি বিষয়ে সরকারের আশু দৃষ্টি আকর্ষণ করে তাৎক্ষণিক প্রতিবেদন প্রেরণ।

#### ৫. জেলখানা :

- ১) জেল কোড অনুযায়ী জেলখানার কর্মকাড়ের তত্ত্বাবধান;
- ২) জেলখানা নিয়মিত পরিদর্শন/ দর্শন;
- ৩) বেসরকারি জেল ভিজিটর নিয়োগের প্রস্তাব প্রক্রিয়াকরণ;
- ৪) সাজাপ্রাপ্ত বন্দী এবং বিচারাধীন আসামীদের জেলখানায় ডিভিশন মঞ্চুর;
- ৫) কারাবন্দীদের প্রাপ্ত্যান অনুযায়ী খাবার প্রদান নিশ্চিতকরণ;
- ৬) বন্দী কল্যাণ বিষয়ে পদক্ষেপ গ্রহণ; এবং
- ৭) ডিটেনশনে থাকা ব্যক্তিদের সাথে সাক্ষাতের অনুমতি প্রদান।

#### ৬. পর্যটন :

- ১) বিদ্যমান পর্যটন স্পটগুলোর আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- ২) বিদ্যমান পর্যটন স্পটগুলোর নান্দনিক সৌন্দর্য বজায় রাখাসহ পরিবেশ সংরক্ষণে উদ্যোগ গ্রহণ;
- ৩) বিদ্যমান পর্যটন স্পটগুলোর আগত পর্যটকদের নিরাপত্তা বিধানে উদ্যোগ গ্রহণ;
- ৪) প্রাকৃতিক পরিবেশকে কাজে লাগিয়ে জেলায় স্থানীয়ভাবে পর্যটনের সুযোগ সুবিধা সৃষ্টি;
- ৫) পর্যটন খাতে বিনিয়োগে বেসরকারি উদ্বৃক্তদের উদ্বৃক্তকরণ ; এবং
- ৬) পর্যটন সুবিধা সৃষ্টির জন্য সরকারের নিকট প্রস্তাব প্রেরণ।

#### ৭. আগ্রহ্যান্ত্র নিয়ন্ত্রন :

- ১) ১৮৭৮ সালের আগ্রহ্যান্ত্র আইন অনুযায়ী কার্যক্রম গ্রহণ;
- ২) সকল ধরণের আগ্রহ্যান্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন, বাতিল ও পুনবহাল সম্পর্কিত যাবতীয় কার্যক্রম গ্রহণ;
- ৩) বৈধ আগ্রহ্যান্ত্র ডিলার এবং দোকান মালিকদের কম্পিউটারাইজড ডাটাবেজ প্রস্তুত ও হালনাগাদকরণ; এবং
- ৪) সকল ধরণের বৈধ আগ্রহ্যান্ত্রের লাইসেন্সধারীদের / স্বত্ত্বাধিকারীদের কম্পিউটারাইজড ডাটাবেজ প্রস্তুত ও নিয়মিত হালনাগাদকরণ।

#### ৮. রাষ্ট্রীয় গোপনীয় বিষয়াদি :

- ১) মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা সংক্রান্ত কার্যাদি;
- ২) সমর পুষ্টিক সংক্রান্ত কার্যাদি;
- ৩) সাইফার ও ডি-সাইফার সম্পর্কিত পুষ্টকাদির সংরক্ষণ এবং প্রাপ্ত সাইফার বার্তা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ;
- ৪) গোপনীয় পুষ্টকাদির নিরাপত্ত হেফাজত সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ;
- ৫) ১৯২৩ সালের অফিসিয়াল সিক্রেটেস এ্যাস্ট অনুযায়ী অতীব গোপনীয় বিষয়াদি প্রক্রিয়াকরণ; এবং
- ৬) KPI সমূহের নিরাপত্তা তদারকি।

#### ৯. গোপনীয় প্রতিবেদন :

- ১) জেলার সার্বিক অবস্থার উপর পাক্ষিক গোপনীয় প্রতিবেদন সরকারে কাছে প্রেরণ;
- ২) বিশেষ রাজনৈতিক পরিস্থিতির উপর গোপনীয় প্রতিবেদন সরকারের কাছে প্রেরণ;
- ৩) বিশেষ গুরুত্বপূর্ণ ঘটনার গোপনীয় প্রতিবেদন প্রেরণ;
- ৪) বিশেষ আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর গোপনীয় প্রতিবেদন প্রেরণ।

#### ১০. ট্রেজারি ও স্ট্যাম্প:

- ১) ১৯৫৭ সালে প্রগতি ট্রেজারি বুল্স এবং সাবসিডিয়ারি বুল্স অনুযায়ী ট্রেজারির কায়ক্রম পরিচালনা;
- ২) নিয়মিত ট্রেজারি ভেরিভিকেশন করা;
- ৩) পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র, গোপনীয় কাগজপত্র, অতি মূল্যবান ও স্পৃশকাতর এবং প্রত্যাভিক্রিক নিদশন ইত্যাদি সামগ্রির সাময়িক হেফাজত;
- ৪) ১৮৯৯ সালের স্ট্যাম্প এ্যাস্ট অনুযায়ী স্ট্যাম্প ব্যবস্থাপনা;
- ৫) স্ট্যাম্প, ভেন্ডার লাইসেন্স মঞ্চুর, নবায়ন ও বাতিল সম্পর্কিত কার্যক্রম;
- ৬) সরকার থেকে প্রাপ্ত স্ট্যাম্প মওজুদ ও বিক্রির ব্যবস্থাকরণ;
- ৭) সরকার থেকে প্রাপ্ত ডাক টিকেট ও অন্যান্য টিকিট/ স্ট্যাম্প মওজুদ এবং বিক্রির ব্যবস্থাকরণ;
- ৮) স্ট্যাম্প ও ডাক টিকিটের মওজুদ ও বিক্রি সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ ;এবং
- ৯) অপ্রচলিত ও বাতিল স্ট্যাম্প এবং ডাক টিকেট বিনষ্টকরণের উদ্যোগ গ্রহণ।

#### ১১. দুর্বীতি দমন:

- ১) দুর্বীতি প্রতিরোধে দুর্বীতি দমন কমিশনকে সহযোগিতা প্রদান;
- ২) জনগণ কর্তৃক দুর্বীতির বিষয়ে দাখিলকৃত অভিযোগের প্রক্রিয়াকরণ ;এবং
- ৩) দুর্বীতি প্রতিরোধে গণসচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহণ।

#### ১২. জন উদ্বৃক্তকরণ :

- ১) বিভিন্ন সামাজিক সমস্যা যেমন-যৌন হয়রানী, নারী নির্যাতন, মাদক সেবন, ঘোড়ুক, বাল্যবিবাহ ইত্যাদি নিরসনে সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জনসাধারণের সাথে মত বিনিময় এবং সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে জনসাধারণকে উদ্বৃক্তকরণ;
- ২) জনগণকে সম্পৃক্ত করে স্থানীয়ভাবে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন ;এবং
- ৩) সরকারি নতুন কমসূচি সম্পর্কে জনসাধারণকে অবহিতকরণ এবং কমসূচি বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে উদ্বৃক্তকরণ।

#### ১৩. লাইসেন্স :

- ১) ভোগ্যপণ্য এবং সি আই শীট, সিমেন্ট, সিগারেট, স্বগ, আয়রন, স্টীল ইত্যাদির ডিলিং লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিলকরণ;
- ২) বিষাক্ত দ্রব্য, বিক্ষেপক দ্রব্য, মাদক দ্রব্য এবং মদ, মানি লেস্টিং, ইটভাটা, মোটর ড্রাইভিং, সিনেমা হল, হোটেল এবং রেষ্টুরেন্ট ইত্যাদির লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিল করণ;
- ৩) বিভিন্ন সংস্থার প্রয়োজনীয় 'অনাপত্তি সনদ' প্রদান;
- ৪) সরাই এ্যাস্ট, এসিড( স্থানান্তর, সংরক্ষণ এবং বিপণন) এ্যাস্টের আওতায় লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিলকরণ;
- ৫) নিয়ত প্রয়োজনীয় পণ্য সামগ্রী যেমন চিনি, লবন ইত্যাদির লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিলকরণ ;এবং
- ৬) প্রয়োজনে টিসিবিসহ অন্যান্য ডিলার নিয়োগ।

#### ১৪. মুক্তিযোদ্ধাদের তালিকাভুক্তিকরণে সহযোগিতা প্রদান :

- ১) মুক্তিযোদ্ধাদের তালিকাভুক্তিকরণে সহযোগিতা প্রদান;
- ২) শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের কল্যাণ;
- ৩) যুদ্ধাত্মক মুক্তিযোদ্ধাসহ অন্যান্য মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের কল্যাণ;
- ৪) মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন/ শেষকৃত্য অনুষ্ঠানে সরকারের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিতকরণ, প্রয়োজনে আর্থিক সহযোগিতা প্রদান;
- ৫) মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কায়ক্রম তদারকি;
- ৬) মুক্তিযোদ্ধাদের স্মৃতি বিজড়িত স্থানসমূহ চিহ্নিতকরণ ও সংরক্ষণে কায়ক্রম গ্রহণ; এবং
- ৭) মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল নির্বাচনে সহযোগিতাকরণ।

#### ১৫. সম্পত্তি অধিগ্রহণ এবং হকুম দখল :

- ১) জনস্বার্থে ভূমি, ভবন, যানবাহন ইত্যাদি অধিগ্রহণ ও হকুম দখল সম্পর্কিত কার্যাদি;
- ২) জেলা ভূমি বরাদ্দ কমিটির কার্যাদি;
- ৩) জেলা সাইট সিলেকশন কমিটির কার্যাদি;
- ৪) অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণের অথ পরিশোধ সংক্রান্ত কার্যাদি;
- ৫) অধিগ্রহণকৃত অথচ অব্যবহৃত ভূমি পুনঃগ্রহণ সংক্রান্ত কার্যাদি ;এবং
- ৬) জনস্বার্থে হকুম দখলকৃত সম্পত্তি অবমুক্তকরণ।

#### ১৬. সংবাদ এবং প্রকাশনা :

- ১) সংবাদপত্র, সাময়িকী ইত্যাদি প্রকাশের অনুমতি প্রদান;
- ২) প্রিন্টিং প্রেস স্থাপনের ঘথাথতা যাচাইপূরক অনুমতি প্রদান;
- ৩) সংবাদপত্র, সাময়িকী ইত্যাদি প্রকাশের জন্য অনুমতি / ঘোষণা বাতিল;
- ৪) প্রকাশনা নিয়ন্ত্রকরণ/ সাময়িক স্থগিতকরণ;
- ৫) সংবাদপত্র, সাময়িকী ইত্যাদির এবং প্রিন্টিং প্রেস এর মালিকানা অনুমোদন ;এবং
- ৬) ১৯৭৩ সালের প্রিন্টিং প্রেস এ্যান্ড প্রাবলিকেশন এ্যাস্ট অনুযায়ী অন্যান্য কার্যক্রম গ্রহণ।

#### ১৭. নির্বাচন :

- ১) নির্বাচন কমিশনের নির্দেশনা মোতাবেক জাতীয় সংসদ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচন অনুষ্ঠানে অর্পিত দায়িত্ব পালন;
- ২) ভোটার তালিকা প্রণয়ন ও হালনাগাদকরণ তত্ত্বাবধান;
- ৩) জাতীয় পরিচয়পত্র প্রণয়ন ও হালনাগাদকরণ তত্ত্বাবধান;
- ৪) সরকারি নির্দেশনা অনুযায়ী নির্বাচনী এলাকা নির্ধারণ এবং পুনঃনির্ধারণ;
- ৫) জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের নিমিত্তে নির্বাচন অপরাধ দমনে নির্বাচনী ম্যাজিস্ট্রেট নিয়োগ ;এবং
- ৬) নির্বাচন কমিশন কর্তৃক সময় সময় অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

#### ১৮. সীমান্ত বিষয়াদি :

- ১) বিওপি ও চেক পোস্ট পরিদর্শন এবং সীমান্ত এলাকার কমকান্ড তত্ত্বাবধান;
- ২) আন্তর্জাতিক সীমানা পিলার সংরক্ষণ ও সংস্কারে কায়কর পদক্ষেপ গ্রহণ;
- ৩) সরকার কর্তৃক সীমান্তের নির্দিষ্ট এলাকার মধ্যে কতিপয় অঞ্চলিক ও সামাজিক কমকান্ড নিয়ন্ত্রণ;
- ৪) সীমান্ত এলাকায় দুষ্ক্রিয়ার অনুপ্রবেশ বন্ধে কায়কর ব্যবস্থা গ্রহণ;
- ৫) সীমান্ত এলাকায় চোরাচালান নিরোধ অভিযান পরিচালনায় কায়কর ব্যবস্থা গ্রহণ;
- ৬) জেলা চোরাচালান টাক্ষণ্যস কমিটির সভাপতির দায়িত্ব পালন এবং চোরাচালান রোধে কায়কর ব্যবস্থা গ্রহণ;
- ৭) জেলা চোরাচালান প্রতিবেদন সমন্বয় কমিটির সভাপতির দায়িত্ব পালন এবং চোরাচালান অপরাধ দমনে কায়কর ব্যবস্থা গ্রহণ;
- ৮) সীমান্তবর্তী দেশের সংশ্লিষ্ট প্রতিপক্ষের সাথে প্রয়োজনে যোগাযোগ করা ;
- ৯) যৌথ সীমান্ত সম্মেলন আয়োজনের উদ্যোগ গ্রহণ এবং দলনেতা হিসেবে সম্মেলনে অংশগ্রহণ ;এবং
- ১০) নির্ধারিত সীমান্ত হাট পরিচালনা ও ব্যবস্থাপনা;

#### ১৯. পরিসংখ্যান

- ১) আদমশুমারী সুষ্ঠ ও সঠিকভাবে সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান; এবং
- ২) বিশেষ শুমারী যেমন-কৃষিশুমারী, স্বাস্থশুমারী, শিক্ষাশুমারী, সামাজিক নিরাপত্তা বেষ্টনীশুমারী ইত্যাদি সুষ্ঠ ও সঠিকভাবে সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

#### ২০. দুর্যোগ ব্যবস্থাপনা :

- ১) দুর্ভিক্ষ কোড, দুর্যোগ সংক্রান্ত স্থায়ী আদেশাবলি (Standing Orders on Disaster) ও নীতিমালা এবং বিভিন্ন সময়ে জারিকৃত প্রজ্ঞাপন, পরিপত্র, আদেশ, স্মারক ইত্যাদির মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগোত্তর সময়ে দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনবাসন কার্যক্রম গ্রহণ;
- ২) ত্রাণ ও পুনবাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত জেলা কমিটিগুলোতে সভাপতির দায়িত্ব পালন;
- ৩) দুর্যোগ ক্ষতিপ্রস্ত এলাকা দুর্যোগোত্তর তাৎক্ষণিক দশন / পরিদশন;
- ৪) সাধারণ (খাদ্য ও নগদ) ত্রাণ পরিচালনা ও টেস্ট রিলিফ প্রদান;
- ৫) কাবিখা/ কাবিটা/ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমসূচির সুষ্ঠু বাস্তবায়ন ;
- ৬) ভিজিএফ/ ভিজিডি কমসূচির সুষ্ঠু বাস্তবায়ন;
- ৭) অতি দরিদ্রদের জন্য কমসূজন কমসূচির বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ; এবং
- ৮) সময় সময় সরকার কর্তৃক গৃহীত অন্য যে কোন ত্রাণ ও পুনবাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি তত্ত্বাবধান ও পরিবীক্ষণ।

#### ২১. খাদ্য :

- ১) খাদ্যশস্য সংগ্রহে সহযোগিতা প্রদান;
- ২) খাদ্যশস্য গুদামজাতকরণে সহায়তা;
- ৩) খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- ৪) খাদ্য নিরাপত্তা গড়ে তুলতে সহযোগিতা প্রদান;
- ৫) খাদ্যগুদামের বার্ষিক ভেরিফিকেশন এবং প্রয়োজন অনুযায়ী নির্বাহী ম্যাজিস্ট্রিট নিয়োগ;
- ৬) অত্যাবশ্যকীয় খাদ্য সামগ্ৰীৰ লাইসেন্স প্রদান;
- ৭) খাদ্যে ভেজাল প্রতিরোধে মোবাইল কোট পরিচালনা; এবং
- ৮) খোলা বাজারে খাদ্য বিক্ৰয় কৰ্মসূচি (ওএমএস) এবং ফেয়াৰ প্রাইস কাৰ্ডেৰ মাধ্যমে খাদ্যশস্য বিক্ৰয়েৰ ডিলাৰ নিয়োগ ও খাদ্য বিক্ৰয় কাৰ্যক্ৰম তদারকি ও পৱিত্ৰীকণ।

#### ২২. আনসার ও ভিডিপি:

- ১) আনসার ও ভিডিপি'র কাৰ্যাদি সমৰ্থয়সাধন এবং তত্ত্বাবধান;
- ২) আনসার দ্বাৰা গুৰুত্বপূৰ্ণ স্থাপনার নিৱাপত্তা ব্যবস্থা কৰা;
- ৩) সাৰ্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় প্রয়োজনানুযায়ী আনসার নিয়োগেৰ উদ্যোগ গ্রহণ;
- ৪) গ্রাম আনসার (পুৰুষ ও মহিলা) দলকে গ্রামেৰ আইন-শৃঙ্খলা, সামাজিক কল্যাণ, দুর্যোগ ব্যবস্থাপনা ও উন্নয়ন কৰ্মকাণ্ডে নিয়োজিত কৰাৰ উদ্যোগ গ্রহণ;
- ৫) দুর্যোগপূৰ্ব, দুর্যোগকালীন ও দুর্যোগোত্তৰ সময়ে জননিৱাপত্তা বিখানে আনসার নিয়োগেৰ উদ্যোগ গ্রহণ।

#### ২৩. সিভিল ডিফেন্স :

- ১) রাষ্ট্ৰীয় জৰুৰি পৱিত্ৰিততে সিভিল ডিফেন্স কন্ট্ৰোলৰুম স্থাপন;
- ২) স্বাভাৱিক পৱিত্ৰিততে ওয়ার্ডেন পোস্টস তত্ত্বাবধান;
- ৩) নিয়মিত সিভিল ডিফেন্স প্ৰশিক্ষণ কাৰ্যক্ৰম পৱিচালনাৰ ব্যবস্থা গ্রহণ; এবং
- ৪) প্ৰতি বছৰ সিভিল ডিফেন্স সপ্তাহ উদযাপন।

#### ২৪. শ্ৰম বিষয়ক :

- ১) শ্ৰম আইন অনুযায়ী শ্ৰমিকদেৱ কল্যাণে ব্যবস্থা গ্রহণ;
- ২) কমৰত অবস্থায় যুক্ত্যবৱণকাৰী/ আহত শ্ৰমিকদেৱ ক্ষতিপূৰণ আদায়ে ভূমিকা রাখা;
- ৩) শ্ৰমিক অসম্ভোষ প্ৰশিমন ও নিয়ন্ত্ৰণ;
- ৪) শিল্পাঞ্চল ও অন্যান্য অবৈধ শ্ৰম বক্তে প্ৰতিকাৰমূলক ব্যবস্থা গ্রহণ; এবং
- ৫) মালিক ও শ্ৰমিক উভয় পক্ষেৰ মধ্যে পাৰিস্পৰিক আস্থা ও বিশ্বাস বৃদ্ধিতে ভূমিকা রাখা।

#### ২৫. সামাজিক নিৱাপত্তা বেঠনী :

- ১) মুক্তিযোদ্ধা, প্ৰতিবন্ধী, বিধবা/স্বামী পৱিত্ৰজ্ঞার, বয়ক্ষ ইত্যাদি ভাতা বিতৱণ কাৰ্যক্ৰম তদারকি ও সমৰ্থয়;
- ২) সৱৰকাৰি ও বেসৱকাৰি এতিমখানা, শিশু সদন, শিশুনিবাস ইত্যাদিৰ এবং হাসপাতাল ৱোগী কল্যাণ সম্পর্কিত বিভিন্ন কমিটিতে সভাপত্ৰি দায়িত্ব পালন, কাৰ্যক্ৰম তদারকি ও সমৰ্থয়;
- ৩) প্ৰৱীণ দিবস পালন এবং প্ৰৱীণদেৱ কল্যাণে বিভিন্ন কাৰ্যক্ৰম গ্রহণ;
- ৪) প্ৰতিবন্ধীদেৱ শিক্ষার সম্প্ৰসাৱণ এবং অন্যান্য কল্যাণমূলক কাজে সহায়তা প্রদান;
- ৫) অটিস্টিক শিশুদেৱ জন্য শিক্ষা ও অন্যান্য কল্যাণমূলক কাৰ্যক্ৰম গ্রহণ;
- ৬) সমাজ সচেতনতা বৃদ্ধিতে এবং বিভিন্ন সামাজিক কৰ্মকাণ্ডেৱ সফলতায়/সহায়তায় প্ৰদত্ত অনুদান প্ৰাপ্তদেৱ বাছাই ও বিতৱণ কাৰ্যক্ৰম তদারকি ও সমৰ্থয়;
- ৭) এসিড সন্ত্বাসেৱ শিকাৰ নাৰী ও পুৰুষদেৱ মধ্যে অনুদান/ সহায়তা প্রদান;
- ৮) সহৰাঞ্চলেৱ জন্য গৃহীত উন্নয়ন কৰ্মসূচিৰ সভাপতি হিসেবে দায়িত্ব পালন;
- ৯) জেলাৰ এতিমখানায় ভৰ্তি কমিটিৰ সভাপতিৰ দায়িত্ব পালন ; এবং
- ১০) সামাজিক নিৱাপত্তা ও দারিদ্ৰ বিমোচনে উন্নয়ন / অনুনয়ন খাত হতে বিভিন্ন মন্ত্ৰণালয়/ বিভাগ (বতমানে ২১টি) কৰ্তৃক গৃহীত বিভিন্ন সামাজিক নিৱাপত্তা বেঠনী কৰ্মসূচি বাস্তবায়নে সহায়তা প্রদান।

#### ২৬. পৱিবাৰ পৱিকল্পনা

- ১) জেলা পৱিবাৰ পৱিকল্পনা কমিটিৰ সভাপতিৰ দায়িত্ব পালন;
- ২) মাতৃ ও শিশু স্বাস্থ্য-কেন্দ্ৰেৰ কাৰ্যাবলি তত্ত্বাবধান ও সমৰ্থয় সাধন;
- ৩) পৱিবাৰ পৱিকল্পনা গ্ৰহণে উন্নুকৰণ কৰ্মসূচি বাস্তবায়নে সহায়তা;

- ৪) পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণে সহায়তা এবং মানসম্মত পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ নিশ্চিতকরণে নির্মাণাধীন কেন্দ্র পরিদর্শন; এবং  
৫) পরিবার কল্যাণ কেন্দ্রের কর্মকাণ্ড বাস্তবায়নে সহায়তা।

#### ২৭. পেনশন ও পরিতোষিক

- ১) অবসরপ্রাপ্ত কমচারিদের পেনশন ও পরিতোষিক দুটি প্রক্রিয়াকরণ;
- ২) মৃত কমচারিদের ঘোথবীমা ও কল্যাণ তহবিলের আবেদন দ্বুত প্রক্রিয়াকরণ;
- ৩) কর্মরত কমচারিদের চিকিৎসাজনিত ব্যয়ের বিপরীতে আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন প্রক্রিয়াকরণ; এবং
- ৪) বর্ষপঞ্জির প্রথমে [Post Retirement Leave (PRL)] পিতারএল গমনকারী কমচারিদের ত্রৈমাসিক (জানুয়ারি-মাচ, এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর ও অক্টোবর-ডিসেম্বর) তালিকা প্রস্তুতকরণ এবং সেমতে নির্ধারিত সময়ে পি আর এল অনুমোদন।

#### ২৮. রাষ্ট্রীচার :

- ১) ভিভিআইপি ও ভিআইপিগণের সফর সমন্বয়;
- ২) ভিভিআইপি ও ভিআইপিগণের জেলার সফরের সময় অভ্যর্থনা, আবাসন ও যানবাহনের ব্যবস্থাকরণ;
- ৩) ভিভিআইপি ও ভিআইপিগণের জেলা সফরের সময়ে নিরাপত্তা, হাউজ গাড ও পুলিশ এঙ্কট ব্যবস্থার সমন্বয়;
- ৪) ভিভিআইপি ও ভিআইপিগণের সভার আয়োজন করা ;
- ৫) ভিভিআইপি ও ভিআইপিগণের রাত্রিকালীন অবস্থানের জন্য সার্কিট হাউজ, ডাকবাংলো, রেষ্ট হাউজ ইত্যাদি সংরক্ষণ ও সার্কিট হাউজ ব্যবস্থাপনা ; এবং
- ৬) ভিভিআইপি ও ভিআইপিগণের ভ্রমণের জন্য বিমান, রেল, টিমার, লঞ্চ, বাস ইত্যাদির টিকেট সংরক্ষণ সমন্বয়।

#### ২৯. পরিবহন ও যোগাযোগ :

- ১) জনস্বার্থে সরকারি ও বেসরকারি যানবাহন অধিযাচন;
- ২) প্রয়োজনে পেট্রোলিয়াম,ওয়েল এবং লুরিকেন্ট বিক্রয় রেশনিং/ নিয়ন্ত্রণ;
- ৩) প্রয়োজনে গ্যাস (সিএনজি) স্টেশন হাতে গ্যাস বিক্রয় রেশনিং/ নিয়ন্ত্রণ;
- ৪) আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের সভাপতির দায়িত্ব পালন এবং এর কার্যাদি সম্পাদন;
- ৫) আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের আওতায় জেলার মধ্যে যানবাহন চলাচলের জন্য রুট পারমিট ইস্যু অনুমোদন;
- ৬) আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষের আওতায় ড্রাইভিং লাইসেন্স ইস্যু অনুমোদন;
- ৭) ১৯৮৩ সালের মোটরযান অধ্যাদেশ অনুযায়ী মোবাইল কোট পরিচালনা; এবং
- ৮) নিরাপদ সড়ক নিশ্চিতকরণ।

#### ৩০. জেলা পরিবহন পুল :

- ১) জেলা পুলের যানবাহন রক্ষণাবেক্ষণ;
- ২) জেলা পুলে কর্মরত কমচারিদের সংস্থাপন;
- ৩) নির্খিত অনুরোধ এবং জালানী ও অন্যান্য অনুংগিক খরচ নির্বাহ সাপেক্ষে অন্যান্য সরকারি / আধাসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থাকে অধিযাচন করে জনস্বার্থে যানবাহন সরবরাহ ; এবং
- ৪) অতীব জরুরি প্রয়োজনে যেমন-দুর্বোগ, মহামারী, বড় ধরণের দুষ্টনা ইত্যাদি ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অধিযাচন করে যানবাহন সরবরাহ।

#### ৩১. শিক্ষা :

- ক) প্রাথমিক গণশিক্ষা :
- ১) বিদ্যালয়ে গমন উপযোগী সকল শিশুর প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির কার্যক্রম তত্ত্বাবধান;
  - ২) বিভিন্ন সরকারি ও বেসরকারি বিদ্যালয়ে প্রাথমিক স্তরের সুস্থু ভর্তি পরীক্ষা গ্রহণ, তত্ত্বাবধান ও সমন্বয়;
  - ৩) প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ঝরেপড়া রোধ কার্যক্রম তত্ত্বাবধান;
  - ৪) প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ কর্মসূচি তত্ত্বাবধান ও সমন্বয়;
  - ৫) ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষা সুস্থুভাবে অনুষ্ঠান, তত্ত্বাবধান ও সমন্বয় ;
  - ৬) প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন ও সরকার বরাবর প্রতিবেদন প্রেরণ;
  - ৭) Note-Books (Prohibition) Act,1980 অনুযায়ী প্রাথমিক স্তরের পাঠ্য বইয়ের মোট বই/ গাইড বই মুদ্রণ, প্রকাশ ও বিক্রির বিরুদ্ধে মোবাইল কোট পরিচালনা;
  - ৮) প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তির সুস্থু বিতরণ তত্ত্বাবধান;
  - ৯) জেলার শ্রেষ্ঠ প্রাথমিক শিক্ষক. শ্রেষ্ঠ প্রাথমিক বিদ্যালয় ইত্যাদি ক্যাটাগরীতে নির্বাচন কমিটির সভাপতির দায়িত্ব পালন;

- ১০) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ সম্পর্কিত সরকার প্রদত্ত দায়িত্ব পালন;
- ১১) সকল প্রাথমিক বিদ্যালয়ে কার দল গঠন কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় সাধন;
- ১২) গণশিক্ষা ও বয়স্ক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে নিরক্ষরতা দূরীকরণ কার্যক্রম তত্ত্বাবধান ;
- ১৩) প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ, মেরামত, সংস্কার ইত্যাদি কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন তত্ত্বাবধান;
- ১৪) অনগ্রসর এলাকায় নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনে উদ্বৃক্তকরণ ও উদ্যোগ গ্রহণ; এবং
- ১৫) প্রয়োজনে নতুন পরীক্ষা কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ।

খ. মাধ্যমিক :

- ১) বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা গ্রহণ, সুষ্ঠু ব্যবস্থাপনা তত্ত্বাবধান ও সমন্বয়;
- ২) মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ঝারেপড়া রোধের কার্যক্রম তত্ত্বাবধান;
- ৩) মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যের পাঠ্যবই বিতরণ কর্মসূচি তত্ত্বাবধান ও সমন্বয়;
- ৪) জেএসসি ও জেডিসি এবং এসএসসি ও সমমানের পরীক্ষা নকল ও দুর্নীতিমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে অনুষ্ঠান, তত্ত্বাবধান ও সমন্বয়;
- ৫) মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন ও সরকার বরাবর প্রতিবেদন প্রেরণ;
- ৬) Note-Books (Prohibition) Act, 1980 অনুযায়ী মাধ্যমিক স্তরের পাঠ্য বইয়ের নোট বই/ গাইড বই মুদ্রণ, প্রকাশ ও বিক্রির বিরুদ্ধে মোবাইল কোট পরিচালনা;
- ৭) মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মাঝে উপবৃত্তির সুষ্ঠু বিতরণ তত্ত্বাবধান;
- ৮) সকল মাধ্যমিক বিদ্যালয়ে স্কাউট ও গালস গাইড দল গঠন কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয়;
- ৯) মাধ্যমিক বিদ্যালয়সমূহের নির্মাণ, মেরামত, সংস্কার ইত্যাদি কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন তত্ত্বাবধান;
- ১০) শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- ১১) বিদ্যালয়গুলোতে সহপাঠ্য কার্যক্রম গ্রহণে উদ্বৃক্তকরণ;
- ১২) পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা রক্ষা;
- ১৩) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোড এর প্রবিধানমালা অনুযায়ী বেসরকারি দাখিল মাদ্রাসাসমূহের ব্যবস্থাপনা ও পরিচালনা;
- ১৪) বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রবিধানমালা/রেগুলেশন অনুযায়ী বেসরকারি নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা ও পরিচালনা;
- ১৫) সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও সরকারি দাখিল মাদ্রাসাসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয়;
- ১৬) প্রত্যেক মাধ্যমিক বিদ্যালয়ে পাঠাগার স্থাপনে উৎসাহ প্রদান এবং বিদ্যমান পাঠাগারসমূহ ব্যবহারে কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করা;
- ১৭) সকল মাধ্যমিক স্তরের বিদ্যালয়/ মাদ্রাসায় মাদক বিরোধী কমিটি গ্রহণ এবং মাদকের কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত রাখা;
- ১৮) অনগ্রসর এলাকায় নতুন বিদ্যালয় স্থাপনে উদ্বৃক্তকরণ ও উদ্যোগ গ্রহণ; এবং
- ১৯) প্রয়োজনে নতুন পরীক্ষা কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ।

গ. উচ্চ শিক্ষা :

- ১) বিভিন্ন সরকারি ও বেসরকারি মহাবিদ্যালয়ে সুষ্ঠু ভর্তি পরীক্ষা গ্রহণ তত্ত্বাবধান ও সমন্বয়;
- ২) নকল ও দুর্নীতিমুক্ত পরিবেশে ইচ্ছাসমূহ ও সমন্বয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন যাতক (সম্মান) ও যাতকতোর পরীক্ষাসমূহ অনুষ্ঠান তত্ত্বাবধান ও সমন্বয়;
- ৩) পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা রক্ষা;
- ৪) Note-Books (Prohibition) Act, 1980 অনুযায়ী উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্য বইয়ের নোট বই/ গাইড বই মুদ্রণ, প্রকাশ ও বিক্রির বিরুদ্ধে মোবাইল কোট পরিচালনা;
- ৫) উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির সুষ্ঠু বিতরণ তত্ত্বাবধান;
- ৬) শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- ৭) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোড এর প্রবিধানমালা অনুযায়ী বেসরকারি আলিম ও তদুর্ধৰ পর্যায়ের মাদ্রাসাসমূহের ব্যবস্থাপনা ও পরিচালনা;
- ৮) বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রবিধানমালা/রেগুলেশন অনুযায়ী বেসরকারি মহাবিদ্যালয়সমূহের ব্যবস্থাপনা ও পরিচালনা;
- ৯) সরকারি মহাবিদ্যালয় ও সরকারি আলিম ও তদুর্ধৰ পর্যায়ের মাদ্রাসাসমূহের কার্যক্রম সমন্বয়;
- ১০) মহাবিদ্যালয়গুলোতে সহপাঠ্য কায়ক্রম গ্রহণে উদ্বৃক্তকরণ;
- ১১) সকল মহাবিদ্যালয়ে বিএনসিসি ও রোভার স্কাউটস গঠন কায়ক্রম তত্ত্বাবধান ও সমন্বয়;
- ১২) প্রত্যেক মহাবিদ্যালয়ে পাঠাগার স্থাপনে উৎসাহ প্রদান এবং বিদ্যমান পাঠাগারসমূহ ব্যবহারে কর্তৃপক্ষ ও ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করা;
- ১৩) বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ সরকারি আইন/বিধিমালা/ নীতিমালা অনুযায়ী পরিচালিত না হলে সে বিষয়ে সরকারি বরাবর প্রতিবেদন প্রেরণ;
- ১৪) সকল বিশ্ববিদ্যালয়/মহাবিদ্যালয়/ মাদ্রাসায় মাদক বিরোধী কমিটি গ্রহণ এবং মাদকের কুফল সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত রাখা;
- ১৫) শিক্ষা প্রতিষ্ঠানে রাষ্ট্র বিরোধী কোন কায়ক্রম যেন দানা বাঁধতে না পারে সে বিষয়ে কায়কর পদক্ষেপ গ্রহণ;
- ১৬) অনগ্রসর এলাকায় নতুন মহাবিদ্যালয় স্থাপনে উদ্বৃক্তকরণ ও উদ্যোগ গ্রহণ; এবং
- ১৭) প্রয়োজনে নতুন পরীক্ষা কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ;

## ৩২. নাগরিক বিনোদন

- ১) ১৯১৮ সালের সিনেমাটোগ্রাফ এ্যাস্ট অনুযায়ী লাইসেন্স প্রদান ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যাদি;
- ২) ১৯১৮ সালের সিনেমাটোগ্রাফ এ্যাস্ট অনুযায়ী মোবাইল কোট পরিচালনা;
- ৩) বিনোদন কর পরিহার প্রবণতা নিয়ন্ত্রণ;
- ৪) বিদ্যমান বিনোদন স্থানসমূহ পরিদর্শন এবং নিরাপদ ও পরিচ্ছন্ন বিনোদন নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;
- ৫) জনসাধারণের জন্য নতুনভাবে নিরাপদ ও পরিচ্ছন্ন বিনোদনের সুযোগ সৃষ্টি;
- ৬) বিদ্যমান আইন/অধ্যাদেশ/বিধি/নীতিমালা/প্রজ্ঞাপন/পরিপত্র অনুযায়ী শুধু দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ যাত্রা, সার্কাসম প্রদর্শনী, নাটক ইত্যাদি অনুষ্ঠানের অনুমতি প্রদান;
- ৭) বিদ্যমান আইন/বিধি/নীতিমালা/প্রজ্ঞাপন পরিপত্র অনুযায়ী কৃষি, বাণিজ্য, শিল্প ইত্যাদি মেলার অনুমতি প্রদান;
- ৮) অপসংস্কৃতি ও অশ্লীল বিনোদন কঠোরভাবে নিয়ন্ত্রণ;
- ৯) দেশীয় সংস্কৃতি ও সুস্থ বিনোদন প্রসারে সহায়তা প্রদান; এবং
- ১০) ক্যাবল টেলিভিশন নেটওয়াক পরিচালনা আইন-২০০৮ অনুযায়ী ক্যাবল টিভি পরিচালনা নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ।

### ৩৩. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী:

- ১) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণে সরকারি নীতিমালা বাস্তবায়ন;
- ২) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য সরকারি উদ্যোগে গৃহীত উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন তদারকি ও সমন্বয়;
- ৩) পাবত্য চট্টগ্রাম প্রবিধান ১৯০০ এবং পাবত্য চট্টগ্রাম শাসন বিধিমালা ১৯০০ অনুযায়ী পাবত্য চট্টগ্রামে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উন্নয়ন ও কল্যাণ; এবং
- ৪) পাবত্য জেলাত্ত্বয়সহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সনদ প্রদান।

### ৩৪. আন্তঃ বিভাগীয় সমন্বয় :

- ১) জেলার প্রধান সমন্বয়কারীর দায়িত্ব পালন;
- ২) জেলার আন্তঃবিভাগীয় কমকান্ডের সমন্বয় ;এবং
- ৩) সরকার কর্তৃক গঠিত বিভিন্ন আন্তঃবিভাগীয় কমিটির সভাপতির দায়িত্ব পালন।

### ৩৫) জেলা প্রশাসকের সংস্থাগণ

- ১) জেলা প্রশাসকের কার্যালয় এবং অধীনস্থ অফিসসমূহের কর্মকর্তা ও কমচারিদের সংস্থাগণ ও আর্থিক বিষয়াদি প্রক্রিয়াকরণ, নিষ্পত্তি ও প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ন;
- ২) ফ্রন্ট ডেক্স স্থাপন;
- ৩) জেলা প্রশাসকের কার্যালয় এবং অধীনস্থ অফিসসমূহের কর্মকর্তা ও কমচারিদের বিরুদ্ধে প্রয়োজনে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;
- ৪) কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখন;
- ৫) কর্মকর্তাদের মধ্যে কমবন্টন;
- ৬) সার্কিট হাউজ ও সার্কিট হাউজ প্রাঙ্গন রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন;
- ৭) জেলা প্রশাসকের কার্যালয় এবং অধীনস্থ অফিসসমূহের কর্মকর্তা ও কর্মচারিদের কল্যাণে পদক্ষেপ; এবং
- ৮) অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সাংবিধানিক কর্তৃপক্ষ প্রদত্ত বিভিন্ন কমকান্ড যেমন-পাসপোর্ট, প্রবাসী কল্যাণ, নির্বাচন, বিসিএস পরীক্ষা ইত্যাদি সম্পর্কিত কার্যাদি।

### ৩৬. মানব সম্পদ উন্নয়ন :

- ১) বিসিএস (প্রশাসন) ক্যাডারের শিক্ষানবিস কমকর্তাদের ইন-সার্টিস প্রশিক্ষণ এবং কেইস এ্যানোটেশন এর ব্যবস্থাকরণ;
- ২) বিসিএস (প্রশাসন) ক্যাডারের কমকর্তাদের কমদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশের বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কম্পিউটার প্রযুক্তিসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ;
- ৩) বিসিএস (প্রশাসন) ক্যাডারের কমকর্তাদের জ্ঞানের পরিধি ও উৎক্ষেপণ বৃদ্ধির লক্ষ্যে দেশে ও বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণে উদ্বৃদ্ধকরণ;
- ৪) জেলা প্রশাসকের কার্যালয় এবং অধীনস্থ অফিসসমূহের কমচারিদের কমদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কম্পিউটার প্রযুক্তিসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ ;এবং
- ৫) জেলায় কমরাত অন্যান্য বিভাগের কর্মকর্তা ও কর্মচারিদের জন্য অনুরূপ প্রশিক্ষণ প্রদান ও উদ্বৃদ্ধকরণ;

### **৩৭. অভিযোগ শ্রবণ এবং তদন্ত :**

- ১) সপ্তাহের একটি পূর্ব নির্ধারিত দিনে স্থানীয় জনগণের অভিযোগ শ্রবণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ;
- ২) আইনানুগ পদ্ধতি অনুসরণে প্রাপ্ত লিখিত অভিযোগ অনুসরান এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ ;এবং
- ৩) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ প্রদত্ত অভিযোগের তদন্ত পরিচালনা এবং প্রতিবেদন প্রেরণ।

### **৩৮. স্থানীয় সরকার :**

- ১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের শপথ পরিচালনা;
- ২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী প্রদান;
- ৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের বিরুক্তে উত্থাপিত অভিযোগ প্রক্রিয়াকরণ;
- ৪) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের অপসারণ প্রস্তাব প্রক্রিয়াকরণ;
- ৫) ইউনিয়ন পরিষদ সচিব নিয়োগ;
- ৬) ইউনিয়ন পরিষদ সচিবদের সংস্থাপন সম্পর্কিত যাবতীয় কার্যাদি;
- ৭) ইউনিয়ন পরিষদ কর্মচারীদের বেতনের সরকারি অংশ প্রদান;
- ৮) ইউনিয়ন পরিষদ দফাদার ও টোকিদারদের পোষাক প্রদান;
- ৯) ইউনিয়ন পরিষদ বাজেট অনুমোদন;
- ১০) ইউনিয়ন পরিষদ আয়কর প্রস্তাব অনুমোদন;
- ১১) ইউনিয়ন পরিষদ অডিট আপত্তি নিষ্পত্তি, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
- ১২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য ও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- ১৩) ইউনিয়ন পরিষদ কার্যাদির সামগ্রিক তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;
- ১৪) ইউনিয়ন কর্মপ্লেক্স নির্মাণের সাইট সিলেকশন প্রক্রিয়াকরণ;
- ১৫) আন্তঃ ইউনিয়ন সীমানা বিরোধ নিষ্পত্তি;
- ১৬) ইউনিয়ন পরিষদ ও পৌরসভার জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম তত্ত্বাবধান
- ১৭) ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভা পরিদর্শন ও দর্শন;
- ১৮) পৌরসভার শ্রেণী উন্নয়নের প্রস্তাব প্রক্রিয়াকরণ;
- ১৯) পৌর মেয়াব ও কমিশনারদের বিরুক্তে উত্থাপিত অভিযোগ প্রক্রিয়াকরণ;
- ২০) ইউনিয়ন, উপজেলা ও পৌরসভার সীমানা ঘোষণা ও সংশোধন;
- ২১) জেলার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে সীমানা ও অন্যান্য বিরোধ নিষ্পত্তি;
- ২২) জেলার স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উন্নয়নমূলক কর্মকান্ডের সমন্বয় সাধন;
- ২৩) নতুন স্থানীয় সরকার কর্তৃপক্ষ যেমন ইউনিয়ন, উপজেলা ও পৌরসভা সৃষ্টির প্রস্তাব প্রক্রিয়াকরণ;
- ২৪) উপ-পরিচালক, স্থানীয় সরকার এর মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সার্বিক কার্যক্রম তদারকি, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- ২৫) উপজেলা পরিষদ সভায় চেয়ারম্যান প্যানেল প্রস্তুত করা সম্ভবপর না হলে অথবা প্যানেলভুক্ত চেয়ারম্যান দায়িত্ব পালনে অযোগ্য হলে /অসম্ভাব্য জাপন করলে চেয়ারম্যান প্যানেল তৈরী প্রক্রিয়াকরণ; এবং
- ২৬) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সমস্যা ও সম্ভাবনা এবং অন্য যে কোন ইস্যু স্থানীয় সরকার বিভাগের গোচরীভূত করা।

### **৩৯. যুব ও ক্রীড়া :**

- ১) একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম যুব সম্প্রদায় গড়ে তুলতে ভূমিকা রাখা;
- ২) প্রশিক্ষিত বেকার যুবকদের স্বকর্ম সংস্থানে উদ্বৃক্তকরণ;
- ৩) যুব সমবায় সমিতির মাধ্যমে সংঘটিত যুবকদের মাঝে খাস পুরুর ইত্যাদি ইজারা প্রদান;
- ৪) বিদেশে কর্মসংস্থানের সুযোগ রয়েছে এমন প্রশিক্ষণ গ্রহণে যুবকদের উদ্বৃক্তকরণ;
- ৫) যুব সমাজে মাদকাস্তি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- ৬) জেলা ক্রীড়া সংস্থার সভাপতির দায়িত্ব পালন;
- ৭) স্থানীয় পর্যায়ে নিয়মিত বিভিন্ন খেলাধূলার আয়োজন;
- ৮) জেলায় মহিলাদের ক্রীড়া উন্নয়নে পৃষ্ঠপোষকতা প্রদান;
- ৯) জেলা মহিলা ক্রীড়া সংস্থাকে সার্বিক সহযোগিতা প্রদান
- ১০) জাতীয় এবং আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন;
- ১১) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির জেলার সমন্বয় কমিটির সভাপতির দায়িত্ব পালন; এবং
- ১২) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ।

### **৪০. নারী ও শিশু**

- ১) নারী শিশু একাডেমীর সভাপতির দায়িত্ব পালন;
- ২) শিশু একাডেমীর মাধ্যমে দেশীয় সুষ্ঠু সংস্কৃতি বিকাশে উদ্যোগ গ্রহণ;

- ৩) শিশুদের সুস্থু বিকাশ ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে গৃহীত বিভিন্ন কমসূচিতে উৎসাহ প্রদান;
- ৪) ঘোন হয়রানী ( স্ট-টিজি ) বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- ৫) বাল্যবিবাহ রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- ৬) কিশোর/কিশোরী উন্নয়ন/সংশোধন কেন্দ্রের সুস্থু পরিচালনায় ভূমিকা রাখা;
- ৭) যৌতুক প্রদানের বিবুক্ত জনমত সৃষ্টিতে ভূমিকা রাখা;
- ৮) নারী নির্বাতন ও নিশীভূন রোধে জনমত সৃষ্টিতে ভূমিকা রাখা ;
- ৯) নারী উন্নয়ন ও ক্ষমতায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; এবং
- ১০) জাতীয় মহিলা সংস্থাকে সার্বিক সহযোগিতা প্রদান।

#### ৪১. কৃষি:

- ১) জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতির দায়িত্ব পালন;
- ২) জেলা সার ও বীজ মনিটরিং কমিটির মাধ্যমে যথাসময়ে সার ডিলার নিয়োগ প্রস্তাব প্রক্রিয়াকরণ;
- ৩) কৃষকদের মাঝে যথাসময়ে সার সরবরাহ নিশ্চিতকরণ এবং সার পরিস্থিতি সম্পর্কে সরকারকে অবহিত করা;
- ৪) জেলা কৃষিকল্প কমিটির সভাপতির দায়িত্ব পালন;
- ৫) জেলা কৃষি পুনর্বাসন কমিটির দায়িত্ব পালন;
- ৬) দুর্যোগের কৃষি পুনর্বাসন কমসূচি বাস্তবায়ন সমন্বয় সাধন;
- ৭) বিভিন্ন ধরণের কৃষি উপকরণের চাহিদা এবং সরবরাহ পরিবীক্ষণ;
- ৮) কৃষক পর্যায়ে কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তিতে কৃষি পণ্য বিপণনে ভূমিকা রাখা;
- ৯) কৃষিমেলা আয়োজনে সহযোগিতা প্রদান;
- ১০) পতিত কৃষিজমি চাষের আওতায় আনার পদক্ষেপ গ্রহণ;
- ১১) শতকরা ২ টাকা সুদে ব্যাংক খনের মাধ্যমে তেল, ডাল ও মসলা জাতীয় শস্য উৎপাদনের জন্য কৃষককে উদ্বৃদ্ধকরণ;
- ১২) ভূ-গভৃত ও ভূ-উপরস্থ পানি সম্পদের সুস্থু ব্যবহার ও সমন্বয় সাধনের উদ্যোগ গ্রহণ; এবং
- ১৩) কৃষি উন্নয়নে সরকার কর্তৃত গৃহীত অন্য যে কোন কমসূচি বাস্তবায়নে যথাযথ ভূমিকা পালন।

#### ৪২. বাজার মূল্য পরিবীক্ষণ এবং ভোক্তা অধিকার সংরক্ষণ :

- ১) ভোগ্যপণ্য এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের বাজার মূল্য পরিবীক্ষণ;
- ২) ভোগ্যপণ্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি রোধ ভোক্তা ও বিক্রেতাকে সচেতন করা ;
- ৩) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মজুতদারি প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ;
- ৪) ভোগ্যপণ্য এবং অন্যান্য দ্রব্যের নির্বিশ্বে বাজারে সরবরাহ সনিশ্চিতকরণ;
- ৫) জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভাপতির দায়িত্ব পালন;
- ৬) ভোক্তা অধিকার সংরক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং
- ৭) ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর সংশ্লিষ্ট অংশ বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ।

#### ৪৩. মৎস্য ও প্রাণিসম্পদ :

